

পুলিশ লাইস স্কুল এন্ড কলেজ, রংপুর

(এ্যাসাইনমেন্ট-৭)

বার্ষিক পরীক্ষা-২০২১

বিষয় : ইতিহাস

পূর্ণমান : ৫০

১। জনাব 'ক' উত্তরাধিকার সূত্রে একটি দেশের সিংহাসনে আরোহন করেন। কিন্তু তার সিংহাসনে আরোহনকে তার কিছু নিকটাত্মীয় ও পরিষদবর্গ মেনে নিতে পারেন নি। বিদেশি একটি শক্তির সহযোগিতায় ষড়যন্ত্রের মাধ্যমে তাকে পরাজিত করে সিংহাসনচ্যুত করে। তবু শাসকের অভিজ্ঞতা, দূরদর্শিতা, বিচক্ষণতা ও দৃঢ়তার অভাব তার পরাজয়ের জন্য দায়ী ছিল।

ক) পলাশী যুদ্ধ কতসালে সংঘটিত হয় ? ১

খ) ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানী বলতে কী বুঝায় ? ২

গ) উদ্দীপকের আলোচনায় তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের প্রতিচ্ছবি ফুটে উঠেছে ?- ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর উক্ত শাসকের পতনের মাধ্যমে ভারতবর্ষের স্বাধীনতা ভূলুণ্ঠিত হয়েছিল ? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

২। রাজা ফার্ডিন্যান্ডের ষড়যন্ত্রের ফলে গ্রানাডার সুলতান আবুল হাসান সিংহাসন ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হন। এরপর তার পুত্র আবু আব্দুল্লাহকে নামমাত্র সুলতান বানানো হয়। ফার্ডিন্যান্ড ও আবু আব্দুল্লাহর ষড়যন্ত্রের ফলে স্পেনে মুসলিম শাসনের চূড়ান্ত পরিসমাপ্তি ঘটে।

ক) কত সালে ভাস্কো-দা-গামা ভারতীয় উপমহাদেশে আগমন করেন ? ১

খ) উপ মহাদেশে ইঙ্গ ফরাসি দ্বন্দ্বের সংক্ষিপ্ত বিবরণ দাও। ২

গ) উদ্দীপকের ষড়যন্ত্রের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন ষড়যন্ত্রের সাদৃশ্য আছে ? বর্ণনা দাও। ৩

ঘ) “ উক্ত যুদ্ধের ফলাফল ছিল সূদূর প্রসারী ” -বিশ্লেষণ কর। ৪

৩। একটি বহুজাতিক কোম্পানী পরিচালনার জন্য আইন প্রণয়ন করা হয়। কিন্তু সময়ের ব্যবধানে কোম্পানীর ব্যাপক বিস্তৃতির ফলে আইনের সীমাবদ্ধতায় বেশ কিছু জটিলতার সৃষ্টি হয় এবং আইনের কয়েকটি ধারা অকার্যকর বলে প্রমাণিত হয়। এই প্রেক্ষিতে কোম্পানীর ব্যবস্থাপককে ব্যাপক ক্ষমতা দিয়ে নতুন একটি আইন প্রণয়ন করা হয়। নতুন আইন কোম্পানীটির ব্যবসা-বাণিজ্য বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করলেও তা ত্রুটিমুক্ত ছিলনা।

ক) বৃটিশ ভারতের কোন গভর্নরকে ইম্পিচমেন্ট এর মুখোমুখি হতে হয়েছিল ? ১

খ) সূর্যাস্ত আইন বলতে কী বুঝায় ? ২

গ) উদ্দীপকে বর্ণিত আইনে বৃটিশ ভারতের যে আইনের প্রতিফলন ঘটেছে তার বর্ণনা দাও। ৩

ঘ) উক্ত আইনের ত্রুটি সমূহ বিশ্লেষণ পূর্বক তোমার মতামত দাও। ৪

৪। চন্দন নগর একটি কৃষি নির্ভর গ্রাম। বর্তমানে এখানে বিদ্যুৎ সংযোগ দেয়ায় ও আধুনিক যন্ত্রপাতির ব্যবহারের ফলে যেমন - পাম্পের সাহায্যে জলসেচ, যন্ত্রের সাহায্যে ফসল মাড়াই এবং আধুনিক যানবাহনের মাধ্যমে পণ্য পরিবহন ইত্যাদির ফলে অল্প সময়ে বেশি কাজ করা সম্ভব হচ্ছে। ফলে গ্রামের মানুষ তাদের চাহিদা মিটিয়ে উৎপাদিত পণ্য বাইরে বিক্রয় করে আর্থিকভাবে লাভবান হচ্ছে। ফলশ্রুতিতে গ্রামবাসীর জীবনযাত্রায় এসেছে ব্যাপক পরিবর্তন।

ক) ডিজেল ইঞ্জিন কে আবিষ্কার করেন ? ১

খ) শিল্প বিপ্লব বলতে কী বুঝায় ? ২

গ) উদ্দীপকে বর্ণিত বিষয়বস্তুর সাথে তোমার পাঠ্য পুস্তকের কোন বিষয় বস্তুর মিল আছে ? বর্ণনা কর। ৩

ঘ) “উক্ত ঘটনা সারা বিশ্বে ব্যাপক প্রভাব ফেলে ” -বিশ্লেষণ পূর্বক তোমার মতামত দাও। ৪

৫। অষ্টাদশ শতকে জনাব X একজন স্বৈরাচারী রাজা ছিলেন। তিনি রাষ্ট্রের সকল ক্ষেত্রেই তার কর্তৃত্ব প্রতিষ্ঠা করতেন। পাশাপাশি একটি সামাজিক শ্রেণিও বিশেষ সুযোগ-সুবিধা ভোগ করত। অন্যদিকে সুবিধা বঞ্চিত শ্রেণির পক্ষে কিছু সংখ্যক মহান লেখক অন্যান্য নির্যাতনের চিত্র তুলে ধরেন। তাদের লেখনী রাজার ক্ষমতাকে জোরালোভাবে আঘাত করে।

ক) চতুর্দশ লুই কে ছিলেন ? ১

খ) **Third State** বলতে কাদের বোঝানো হয় ? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বর্ণিত বিষয়বস্তুর সাথে তোমার পাঠ্য পুস্তকের কোন বিপ্লবের মিল আছে ? বর্ণনা কর। ৩

ঘ) উল্লিখিত মহান লেখকরা কীভাবে উক্ত বিপ্লবকে অবশ্যম্ভাবী করে তোলেন ? তোমার মতামত দাও। ৪